সংবাদ

তারিখ ... 0 6 DEC 2013
পৃঃ ১৬ কলাম ৪

# শিক্ষা মন্ত্রণালয়ের নাম ভাঙিয়ে ভুয়া উপাচার্য বানিয়ে সনদ বাণিজ্য

● মিরপুর প্রাইম ইউনিভার্সিটিকে কারণ দর্শানো নোটিশ

নিজস্ব বার্তা পরিবেশক

শিক্ষা মন্ত্রণালয়ের নাম ভাঙিয়ে জালিয়াতির মাধ্যমে ভর্তি বিজ্ঞপ্তি দিয়ে ভুয়া উপাচার্য বানিয়ে কর্মকাণ্ড পরিচালনার মতো অনিয়ম ধরা পড়েছে রাজধানীর মিরপুরে অবস্থিত 'বিতর্কিত প্রাইম ইউনিভার্সিটির বিরুদ্ধে। জালিয়াতি ও প্রতারণাপূর্ণ এ ঘটনায় কঠোর ব্যবস্থা নেয়ার সিদ্ধান্ত নিয়ে অভিযুক্ত এই ক্যাম্পাসকে কারণ দর্শানোর নোটিশ দিয়েছে শিক্ষা মন্ত্রণালয়। একই সঙ্গে অনুমোদন ছাড়া প্রফুল্ল সি সরকার উপাচার্য হিসেবে কীভাবে কর্মকাণ্ড পরিচালনা করছেন তার সব দালিলিক প্রমাণ চাওয়া হয়েছে।

জালিয়াতিকে গুরুতর অপরাধ অভিহিত করে মন্ত্রণালয়ের কর্মকর্তারা বলেছেন, প্রতিষ্ঠান কর্তৃপক্ষ মানুষকে বিভ্রান্ত করতে প্রচার চালাচ্ছে, মন্ত্রণালয় কেবল তাদের শাখাকেই বৈধতা দিয়েছে। অভিযুক্তরা বিজ্ঞাপনে মন্ত্রণালয়ের নাম ব্যবহার করে মানুষকে বিভ্রান্ত করতে মিথ্যা তথ্য প্রচার করছে।

শিক্ষা মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (বিশ্ববিদ্যালয়) কাজী সালাউদ্দিন আকবর গতকাল প্রাইম ইউনিভার্সিটির মিরপুর শাখার প্রতারণার বিষয়টি নিশ্চিত করেছেন। ঘটনায় উদ্বেগ প্রকাশ করে তিনি বলেন, মন্ত্রণালয় কেবল তাদের শাখাকেই বৈধতা দিয়েছে উল্লেখ করে মিরপুর ক্যাম্পাস কর্তৃপক্ষ বিজ্ঞপ্তি দিয়ে বেড়াচ্ছে। অভিযুক্তরা বিজ্ঞাপনে মন্ত্রণালয়ের নাম ব্যবহার করে মানুষকে বিভ্রান্ত করতে মিথ্যা তথ্য প্রচার করছে। অথচ মন্ত্রণালয় এ ধরনের কোন কথা কখনই বলেনি। অতিরিক্ত সচিব বলেন, মন্ত্রণালয়ের নাম ব্যবহার করে মিথ্যা বিজ্ঞাপন দিয়ে যেমন প্রতারণা করছে তেমনি প্রতিষ্ঠানটির বিজ্ঞপ্তিও দেয়া হচ্ছে অনুমোদনহীন উপাচার্যের নামে। তাই উপাচার্য হিসেবে কীভাবে কর্মকাণ্ড পরিচালনা করছেন সনদ : পৃষ্ঠা : ২ ক : ৫

## সনদ : বাণিজ্য

(১৬ পৃষ্ঠার পর)

তার সব দালিলিক প্রমাণ চেয়েছে মন্ত্রণালয়। জরুরি ভিত্তিতে উপাচার্য হিসেবে দায়িত্বরত প্রফুল্ল সি সরকারকে সন্তোষজনক জবাব দেয়ার নির্দেশ দিয়েছে শিক্ষা মন্ত্রণালয়। জানা গেছে, শিক্ষা মন্ত্রণালয়ের নাম ভাঙিয়ে জালিয়াতির দায়ে এর আগেও প্রতিষ্ঠানটির মিরপুর শাখাকে দুই দফা শোকজ করেছিল মন্ত্রণালয়। তবে তাকে কোন পাত্তা না দিয়ে প্রতারণামূলক ভর্তি বিজ্ঞপ্তি দিয়েই যাচ্ছে মিরপুর শাখা কর্তৃপক্ষ। এদিকে প্রাইম ইউনিভার্সিটির বোর্ড অব ট্রাস্টিজের ভাইস চেয়ারম্যান ও ম্যানেজিং ট্রাস্টি ড. আবুল হোসেন এক বিবৃতিতে বলেছেন, উচ্চ আদালতের আদেশে সব রকম বিজ্ঞাপন প্রচারে নিষেধাজ্ঞা থাকলেও মিরপুর ক্যাম্পাস তা অমান্য করে শিক্ষা মন্ত্রণালয়ের নাম ব্যবহার করে বিভিন্ন জাতীয় দৈনিক পত্রিকায় বিজ্ঞাপন প্রচার করছে। জালিয়াতির বিরুদ্ধে কঠোর পদক্ষেপ নেয়ার উদ্যোগে শিক্ষা মন্ত্রণালয়কে অভিনন্দন জানান তিনি।

প্রাইম ইউনিভার্সিটির মিরপুর ক্যাম্পাসের উপাচার্যকে দেয়া কারণ দর্শানো নোটিশে মন্ত্রণালয় বলেছে, 'আদালতের নির্দেশ অমান্য করে সব ভর্তি বিজ্ঞাপন দেয়া হচ্ছে। আর বিজ্ঞাপনে মিথ্যা তথ্য প্রদান করা হচ্ছে। কোন শাখাকে অবৈধ বা বৈধ বলে শিক্ষা মন্ত্রণালয় কোন আদেশ জারি না করলেও মিরপুর ক্যাম্পাস কর্তৃপক্ষ জালিয়াতির আশ্রয় নিয়ে প্রচার করছে, 'মন্ত্রণালয় ও ইউজিসি মিরপুর ক্যাম্পাসকে বৈধতা দিয়ে উত্তরা ক্যাম্পাসকে বন্ধ করার নির্দেশ দিয়েছে।' অথচ শিক্ষা মন্ত্রণালয় এ ধরনের কোন আদেশ কখনই দেয়নি। শিক্ষার্থী ও অভিভাবকদের বিভ্রান্ত করে মন্ত্রণালয়ের নাম ব্যবহার করে দেশজুড়ে এই মিথ্যা তথ্যসংবলিত বিজ্ঞাপন প্রচার করা হচ্ছে বলে অভিযোগ করেছে মন্ত্রণালয়।